দৈনিক জনকণ্ঠ

তারিখ: 26 JAN 2008
পৃষ্ঠা: ২ কলাম: ৭

# জাতীয় বিশ্ববিদ্যালয় অনার্স ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছে আড়াই লাখ শিক্ষার্থী

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ সম্মান (অনার্স) ভর্তি পরীক্ষা শুক্রবার সারাদেশে একযোগে অনুষ্ঠিত হয়েছে। এ বছর সারাদেশের ১৮৯টি অনার্স পাঠদানকারী কলেজে দুই লাখ ৫৩ হাজার ৯১২ শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. সৈয়দ রাশিদুল হাসান রাজধানীর কয়েকটি কেন্দ্র পরিদর্শন করেন। বিশ্ববিদ্যালয়ের তিন প্রফেসর শের মোহাম্মদসহ বিশ্ববিদ্যালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন। প্রেস বিজ্ঞপ্তি।